## গল্পগুচ্ছ :- রবীন্দ্রনাথ ঠাকুর

(নির্বাচিত গল্প :- কঙ্কাল, সমাপ্তি, শাস্তি, গুপ্তধন, দুরাশা, স্ত্রীর পত্র, অতিথি, চোরাই ধন)

**‘কঙ্কাল’:- (অতিসংক্ষিপ্ত ও সংক্ষিপ্ত প্রশ্নোত্তর)**

১. ‘কঙ্কাল’ গল্পটি যে পত্রিকায় যত বঙ্গাব্দে প্রথম প্রকাশিত হয়?

- কঙ্কাল গল্পটি ‘সাধনা’ পত্রিকায় ১২৯৮ বঙ্গাব্দের ফাল্গুন সংখ্যায় প্রথম প্রকাশিত হয়।

২. “আমাদের অভিভাবকের ইচ্ছা ছিল আমাদিগকে সহসা সর্ববিদ্যায় পারদর্শী করিয়া তুলিবেন”-বক্তা কে? তিনি যে বিদ্যাচর্চা করতেন?

অথবা ‘কঙ্কাল’ গল্পে গল্পকথক যে বিদ্যাচর্চার কথা বলেছেন?

- এখানে বক্তা হলেন ‘কঙ্কাল’ গল্পের গল্পকথক রবীন্দ্রনাথ ঠাকুর। তিনি বাল্যকালে পন্ডিত মহাশয়ের কাছে ‘মেঘনাদবধকাব্য’ এবং ক্যাম্বেল স্কুলের এক ছাত্রের কাছে অস্থিবিদ্যা চর্চা করতেন।

৩. ‘কঙ্কাল’ গল্পের গল্প কথকের কথা অনুসারে গল্পটি যে সময়ে শুরু হয়?

- ‘কঙ্কাল’ গল্পের গল্প কথকের কথা অনুসারে গল্পটি শুরু হয় রাত্রি বারো টার সময়। কেননা গল্পেই উল্লেখ আছে- “গির্জার ঘড়িতে বড়ো বড়ো ঘন্টাগুলো প্রায় সব কটা বাজিয়া গেল” তার পরে পরেই গল্প শুরু হয়।

৪. ‘কঙ্কাল’ গল্পের নায়িকার নাম কি ছিল ? বিবাহের কতদিন পরে তাঁর স্বামী মারা যান?

- ‘কঙ্কাল’ গল্পের নায়িকার নাম ছিল কনকচাঁপা। বিবাহের দু’মাস পরে তাঁর স্বামী মারা যান।

৫. “আমার শ্বশুর অনেকগুলি লক্ষণ মিলাইয়া দেখিয়া শাশুড়িকে কহিলেন, “শাস্ত্রে যাহাকে বলে বিষকন্যা এ মেয়েটি তাই” উদ্ধৃতাংশটি কোন্ গল্পের অন্তর্গত ? ‘বিষকন্যার’ বলতে কাকে ইঙ্গিত করা হয়েছে। ?

- উদ্ধৃতাংশটি রবীন্দ্রনাথ ঠাকুর বিরচিত ‘কঙ্কাল’ গল্পের অন্তর্গত। ‘বিষকন্যা’ বলতে এখানে ‘কঙ্কাল’ গল্পের কেন্দ্রীয় চরিত্র কনকচাঁপাকে ইঙ্গিত করা হয়েছে।

৬. ‘কঙ্কাল’ গল্পে গল্পের নায়িকার সঙ্গে শশিশেখরের প্রথম কবে দেখা হয় ?

- নায়িকা বাদলা দিনে জ্বরে আক্রান্ত হয় তখন ডাক্তার শশিশেখর তাকে দেখতে আসে এবং তখনই নায়িকার সঙ্গে শশিশেখরের প্রথম দেখা হয় বা সাক্ষাৎ হয়।

৭. “একবার হাতটা দেখিতে হইবে”- উদ্ধৃতাংশটি কোন্ গল্পের অন্তর্গত? কে কাকে কার হাত দেখার কথা বলেছেন? কেন হাত দেখতে চেয়েছেন?

- উদ্ধৃতাংশটি রবীন্দ্রনাথ ঠাকুর বিরচিত ‘কঙ্কাল’ গল্পের অন্তর্গত। ডাক্তার শশিশেখর গল্পের নায়িকা তথা কনকচাঁপার হাত দেখার কথা বলেছেন। কারণ নায়িকার জ্বর হয়েছিল তাই শশিশেখর ডাক্তার হয়ে তাঁর হাত দেখতে চেয়েছিলেন।

৮. “কোথায় বাসর-ঘর! আমার সে বিবাহের বেশ কোথায়!”- উদ্ধৃতিটি বক্তা কে ?

- উদ্ধৃতিটির বক্তা হলেন রবীন্দ্রনাথ ঠাকুর বিরচিত ‘কঙ্কাল’ গল্পের নায়িকা কনকচাঁপা।

৯. “বিবাহ ব্যাপারটা কি এতই আনন্দের।” বক্তা কে।

- উদ্ধৃতিটির বক্তা হলেন রবীন্দ্রনাথ ঠাকুর বিরচিত ‘কঙ্কাল’ গল্পের নায়ক ডাক্তার শশিশেখরের।

১০. “মনে হইতেছে, শশিশেখর হইয়া জন্মিলে বেশ হইতো।” বক্তা কে ? কেন এই উক্তি ?

- উদ্ধৃতিটির বক্তা হলেন গল্প লেখক রবীন্দ্রনাথ ঠাকুর। গল্পের নায়ক ডাক্তার শশিশেখর-এর প্রতি নায়িকার ভালোবাসা দেখে লেখকের এরূপ মনে হয়েছে।

‘সমাপ্তি’:- (অতিসংক্ষিপ্ত ও সংক্ষিপ্ত প্রশ্নোত্তর)

১. 'সমাপ্তি' গল্পটি যে পত্রিকায় যত বঙ্গাব্দে প্রথম প্রকাশিত হয়?

- 'সমাপ্ত' গল্পটি 'সাধনা' পত্রিকায় ১৩০০ বঙ্গাব্দের আশ্বিন-কার্তিক সংখ্যায় প্রথম প্রকাশিত হয়।

২. 'সমাপ্তি' গল্পের মোট পরিচ্ছেদ সংখ্যা কত ? এই গল্পের সঙ্গে রবীন্দ্রনাথ ঠাকুরের 'ছিন্নপত্রের' যত সংখ্যক পত্রের ভাবসাদৃশ্য রয়েছে ?

- 'সমাপ্তি' গল্পের মোট পরিচ্ছেদ সংখ্যা হল আট। এই গল্পের সঙ্গে রবীন্দ্রনাথ ঠাকুরের 'ছিন্নপত্রের' ৩০ সংখ্যক পত্রের ভাবসাদৃশ্য রয়েছে।

৩. অপূর্বের ভালো নাম কি? তাঁর বয়স কত ? তাঁর শিক্ষাগত যোগ্যতা কী ছিল?

- অপূর্বের ভালো নাম শ্রীযুক্ত অপূর্বকৃষ্ণ রায়। অপূর্বের বয়স ছিল কুড়ি বছর। তাঁর শিক্ষাগত যোগ্যতা সে ছিল সে বি.এ.পাস।

৪."অপূর্ব চিনিতে পারিল তাহাদেরই নূতন প্রতিবেশিনীর মেয়ে মৃন্ময়ী"-মৃন্ময়ী কে? তাঁর পিতা-মাতার নাম কি?

- মৃন্ময়ী হল রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'সমাপ্তি' গল্পের নায়িকা। তার পিতার নাম ঈশ্বান মজুমদার এবং মাতার নাম শরত মজুমদার।

৫. "আয়োজনটি অতি সুন্দর হইয়াছিল"- প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা কর-

- উদ্ধৃত অংশটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'সমাপ্তি' গল্প থেকে নেওয়া হয়েছে। অপূর্ব তথা অপু যখন বি.এ পাস করে কোলকাতা থেকে নদী পথে বাড়ি ফেরে তখন নৌকা থেকে নামার সময় নদী তীরে পড়ে যায়; ঠিক সেই সময় নদী তীরবর্তী রাশীকৃত ইটেঁর উপর মৃন্ময়ী বসেছিল, অপুকে পড়ে যেতে দেখে খুব হাসতে থাকে। এ প্রসঙ্গেই প্রশ্নোদ্ধৃত কথাটি বলা হয়েছে।

৬. সংক্ষেপে মৃন্ময়ীর বর্ণণা দাও ।

- মৃন্ময়ী দেখতে শ্যামবর্ণ। ছোট কোঁকড়া চুল পিঠ পর্যন্ত বিস্তৃত, ঠিক যেন বালকের মতো মুখের ভাব। মস্ত দুটি কালো চোখে না আছে তার লজ্জা না আছে ভয়, না আছে হাবভাবলীলার লেশমাত্র।

৭. মৃন্ময়ীর বাবা কোথায় চাকরী করত ? মৃন্ময়ীদের গ্রামের মাঝির নাম কি ছিল ?

- মৃন্ময়ীর বাবা ঈশ্বান মজুমদার কুশীগঞ্জে চাকরী করতেন। মৃন্ময়ীদের গ্রামের মাঝি ছিলেন বনমালী।

৮. "কিন্তু তথাপি বিবাহ করিতে হইল" গল্পের কোন্ পরিচ্ছেদে অপূর্ব ও মৃন্ময়ীর বিবাহ সম্পূর্ণ হয় ?

- সমাপ্তি' গল্পের চতুর্থ পরিচ্ছেদে অপূর্ব মৃন্ময়ীর বিবাহ সম্পূর্ণ হয়।

৯. 'সমাপ্তি' গল্পের নায়ক অপূর্বর তোরঙ্গের মধ্যে যে বই ছিল ?

- সমাপ্তি' গল্পের নায়ক অপূর্বর তোরঙ্গের মধ্যে 'হারমোনিয়ম শিক্ষা' বই ছিল।

১০. অপূর্ব যে মাসিক পত্রে গ্রন্থ সমালোচনা করতেন ?

- অপূর্ব 'বিশ্বদীপ' নামক মাসিক পত্রে গ্রন্থ সমালোচনা করতেন।

১১. যে মাসের প্রেক্ষাপটে 'সমাপ্তি' গল্পটির সূচনা হয়েছে ?

- শ্রাবণ মাসের প্রেক্ষাপটে 'সমাপ্তি' গল্পটির সূচনা হয়েছে।

১২. "এরূপ দেনা-পাওনা তাহাদের মধ্যে সর্বদাই চলিতেছে।" 'তাহাদের' বলতে কার কার কথা এখানে বলা হয়েছে ?

- প্রশ্নোদ্ধৃত বাক্যে 'তাহাদের' বলতে 'সমাপ্তি' গল্পের নায়িকা মৃন্ময়ী ও রাখালের কথা বলা হয়েছে।

১৩. 'সমাপ্তি' গল্পে 'সোনার কাঠি' ও 'রূপার কাঠি'র সঙ্গে কিসের তুলনা করা হয়েছে ?

- 'সমাপ্তি' গল্পে রবীন্দ্রনাথ ঠাকুর 'সোনার কাঠির' সঙ্গে মৃন্ময়ীর অশ্রুজল ও 'রূপার কাঠির' সঙ্গে মৃন্ময়ীর হাসির তুলনা করা হয়েছে।